গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৪৮/২০১৭-১৮

ঢাকা, মঙ্গলবার ৩০ জানুয়ারি ২০১৮, ১৭ মাঘ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মন্ত্রিসভায় ডিজিটাল নিরাপত্তা আইনের খসড়া চূড়ান্ত অনুমোদন

২। সপ্তদশ সংশোধনীর খসড়া মন্ত্রিসভায় অনুমোদন : সংরক্ষিত নারী আসনের মেয়াদ ২৫ বছর বৃদ্ধির প্রস্তাব

৩। রোহিঙ্গারা বাংলাদেশের ওপর আর্থসামাজিক চাপ সৃষ্টি করেছে : সুইডেনের রাষ্ট্রদূতকে প্রধানমন্ত্রী

৪। প্রধানমন্ত্রী সিলেটে যাচ্ছেন আজ

৫। আগামী বাজেটের আকার হবে ৪ লাখ ৬৮ হাজার কোটি টাকা : অর্থমন্ত্রী

৬। সংবাদকর্মীদের জন্য নবম ওয়েজবোর্ড গঠন : আজ পিআইডিতে তথ্যমন্ত্রীর সংবাদ সম্মেলন

৭। জঙ্গি দমন শুধু অভিযানে নয়, জঙ্গিবাদবিরোধী প্রচারণাও চালাতে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। ক্রিকেট থেকে বিগত ৮ বছরে আয় ১২০৭ কোটি টাকা : সংসদে ক্রীড়া প্রতিমন্ত্রী

৯। জাপানে বাংলাদেশের টেকনিক্যাল ইন্টার্নদের প্রশিক্ষণের জন্য চুক্তি সাক্ষর

১০। ঐতিহাসিক আগরতলা ষড়যন্ত্র মামলার বৈরী সাক্ষী পরিবারকে প্রধানমন্ত্রীর সহায়তা

১১। অনুমোদনহীন শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধে হাইকোর্টের রুল

১২। ইয়াবা পরিবহণ ও বিক্রয়ের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হাইকোর্টের নির্দেশ

১৩। মুদ্রানীতি ঘোষণা : বেসরকারি খাতে ঋণপ্রবৃদ্ধি কমানো হবে

চলমান পাতা-২

১। মন্ত্রিসভায় ডিজিটাল নিরাপত্তা আইনের খসড়া চূড়ান্ত অনুমোদন

তথ্যপ্রযুক্তি আইনের ৫৭ ধারাসহ কয়েকটি ধারা বিলুপ্ত করে সেগুলোর বিস্তারিত বিন্যাস সংযোজনের মাধ্যমে ডিজিটাল নিরাপত্তা আইন প্রণয়নের প্রস্তাবে চূড়ান্ত অনুমোদন দিয়েছে সরকার। গতকাল (২৯ জানুয়ারি সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে আইনটির খসড়া অনুমোদন দেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এতে সভাপতিত্ব করেন। বৈঠকশেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম জানান, ডিজিটাল নিরাপত্তা আইনের খসড়ায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৪, ৫৫, ৫৬, ৫৭ ও ৬৬ ধারা বিলুপ্তির কথা বলা হয়েছে। মানহানিকর তথ্য পরিবেশনের জন্য খসড়া আইনে তিন বছরের কারাদণ্ড বা পাঁচ লাখ টাকা জরিমানা বা উভয় দণ্ডের বিধান রাখা হয়েছে। প্রস্তাবিত এ আইনে জামিনযোগ্য ও জামিন অযোগ্য বেশ কিছু ধারা রয়েছে। মন্ত্রিপরিষদ সচিব বলেন, খসড়ায় জাতির পিতা, মুক্তিযুদ্ধ ও মুক্তিযুদ্ধের চেতনার বিরুদ্ধে প্রপাগান্ডা, প্রচারণার মদদ দেওয়ার শাস্তি অনধিক ১৪ বছরের সশ্রম কারাদণ্ড বা অনধিক ৫০ লাখ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডের বিধান রাখার প্রস্তাব করা হয়েছে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ, প্রথম আলো, সমকাল, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। সপ্তদশ সংশোধনীর খসড়া মন্ত্রিসভায় অনুমোদন : সংরক্ষিত নারী আসনের মেয়াদ ২৫ বছর বৃদ্ধির প্রস্তাব

সংবিধানে সপ্তদশ সংশোধনী এনে সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য নির্বাচনের বিধি আরো ২৫ বছর বহাল রাখার প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকার। একাদশ সংসদের প্রথম অধিবেশন থেকে শুরু করে পরবর্তীতে ২৫ বছর পর্যন্ত সংরক্ষিত আসনের বিধি কার্যকর থাকবে। গতকাল (২৯ জানুয়ারি সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে সংবিধান (সপ্তদশ সংশোধন) আইন, ২০১৮-এর খসড়ায় চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪)।

৩। রোহিঙ্গারা বাংলাদেশের ওপর আর্থসামাজিক চাপ সৃষ্টি করেছে : সুইডেনের রাষ্ট্রদূতকে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিপুলসংখ্যক রোহিঙ্গার উপস্থিতি বাংলাদেশের ওপর ব্যাপক আর্থসামাজিক, পরিবেশগত এবং জনসংখ্যার ওপর চাপ সৃষ্টি করেছে। গতকাল (২৯ জানুয়ারি সোমবার) সুইডেনের নবনিযুক্ত রাষ্ট্রদূত শার্লট শ্যালেটার প্রধানমন্ত্রীর সংসদ ভবন কার্যালয়ে তাঁর সঙ্গে সাক্ষাতে এলে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ রোহিঙ্গাদের প্রত্যাবাসনের বিষয়ে মিয়ানমারের সঙ্গে আলোচনা করেছে। এ বিষয়ে পদক্ষেপও গ্রহণ করা হচ্ছে। তিনি বলেন, রোহিঙ্গাদের অস্থায়ী আশ্রয় দিতে সরকার একটি দ্বীপকে উন্নয়ন করছে। শার্লট শ্যালেটার রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশকে তাঁর দেশের পূর্ণ সমর্থনের বিষয়ে পুনরায় আশ্বাস দেন। এ সময় প্রধানমন্ত্রী রোহিঙ্গা ইস্যুতে সুইডেনের শক্তিশালী রাজনৈতিক ভূমিকার প্রশংসা করেন। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

৪। প্রধানমন্ত্রী সিলেটে যাচ্ছেন আজ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (৩০ জানুয়ারি মঙ্গলবার) সিলেটে সফরে যাচ্ছেন। সফরকালে প্রধানমন্ত্রী হজরত শাহজালাল (র.), হজরত শাহপরান (র.) ও হজরত গাজী বুরহান উদ্দিন (র.) এর মাজার জিয়ারত, ২০টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন, ১৮টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ছাড়াও আওয়ামী লীগ আয়োজিত জনসভায় ভাষণ দিবেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

৫। আগামী বাজেটের আকার হবে ৪ লাখ ৬৮ হাজার কোটি টাকা : অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, আগামী ২০১৮-১৯ অর্থবছরে বাজেটের আকার হবে ৪ লাখ ৬৮ হাজার কোটি টাকা। এবার সামাজিক নিরাপত্তাভোগীর সংখ্যা বাড়ানো হবে। গতকাল (২৯ জানুয়ারি সোমবার) আগামী অর্থবছরের বাজেট নিয়ে অর্থনীতিবিদ ও উন্নয়ন সহযোগী, ব্যবসায়ী নেতা এবং নাগরিক সমাজের প্রতিনিধিদের সঙ্গে প্রাক বাজেট আলোচনা শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫)।

৬। সংবাদকর্মীদের জন্য নবম ওয়েজবোর্ড গঠন : আজ পিআইডিতে তথ্যমন্ত্রীর সংবাদ সম্মেলন

সাংবাদিকদের বেতন কাঠামো নির্ধারণে নবম ওয়েজবোর্ড (মজুরি বোর্ড) গঠন করেছে সরকার। আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মো. নিজামুল হককে প্রধান করে গতকাল (২৯ জানুয়ারি সোমবার) তথ্য মন্ত্রণালয় ১৩ সদস্যের এ ওয়েজবোর্ড গঠন করে আদেশ জারি করেছে। এ উপলক্ষে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু

আজ তথ্য অধিদফতরে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখবেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

৭। জঙ্গি দমন শুধু অভিযানে নয়, জঙ্গিবাদবিরোধী প্রচারণাও চালাতে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, কেউ যেন নতুন করে জঙ্গিবাদে আকৃষ্ট না হয়, সেজন্য সব মাধ্যমেই জঙ্গিবাদবিরোধী প্রচার-প্রচারণা চালিয়ে যেতে হবে। জঙ্গিবাদ দমন শুধু অভিযানে নয়, জঙ্গিবাদের বিরুদ্ধে প্রচারণা চালাতে ও জঙ্গিবাদ থেকে তারুণ্যকে ফিরিয়ে আনতে বই, কবিতা, গান, সিনেমা, বিজ্ঞাপন ও গণমাধ্যমে প্রচার-প্রচারণা চালানো হবে। গতকাল (২৯ জানুয়ারি সোমবার) রাজধানীর কারওয়ান বাজারে র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের(র‌্যাব) মিডিয়া সেন্টারে জঙ্গিবাদ দমনে সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জঙ্গিবাদবিরোধী প্রচারণার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

৮। ক্রিকেট থেকে বিগত ৮ বছরে আয় ১২০৭ কোটি টাকা : সংসদে ক্রীড়া প্রতিমন্ত্রী

বিগত ৮ বছরে ১ হাজার ২০৭ কোটি ৩ লাখ টাকা আয় করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। এর মধ্যে ২০১৪-১৫ অর্থবছরে সর্বোচ্চ ২২৯ কোটি ৭৬ লাখ টাকা আয় হয়েছে বলে সংসদকে জানিয়েছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. বীরেন শিকদার। গতকাল (২৯ জানুয়ারি সোমবার) সংসদে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪)।

৯। জাপানে বাংলাদেশের টেকনিক্যাল ইন্টার্নদের প্রশিক্ষণের জন্য চুক্তি সাক্ষর

বাংলাদেশ থেকে জাপানে টেকনিক্যাল ইন্টার্ন প্রেরণের বিষয়ে দু'দেশের মধ্যে গতকাল (২৯ জানুয়ারি সোমবার) টোকিওতে একটি সহযোগিতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশের পক্ষে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার এবং জাপানের পক্ষে হেলথ, লেবার ও ওয়েলফেয়ার মন্ত্রণালয়ের পলিসি সমন্বয়বিষয়ক ভাইস মিনিস্টার জিনিচি মিয়ানো, বিচারবিষয়ক মন্ত্রণালয়ের প্রশাসনিক ভাইস মিনিস্টার হিরোমু কুরোকাওয়া এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলারবিষয়ক ব্যুরোর মহাপরিচালক কোইচি আইবোশি চুক্তিতে স্বাক্ষর করেছেন। চুক্তি অনুযায়ী এসব বাংলাদেশি ইন্টার্ন জাপানে ৩ থেকে ৫ বছর প্রশিক্ষণ গ্রহণের সুযোগ পাবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

১০। ঐতিহাসিক আগরতলা ষড়যন্ত্র মামলার বৈরী সাক্ষী পরিবারকে প্রধানমন্ত্রীর সহায়তা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঐতিহাসিক আগরতলা ষড়যন্ত্র মামলার বৈরী সাক্ষী প্রয়াত কামাল উদ্দিন আহমদের দুই অসুস্থ পুত্র ও এক কন্যার চিকিৎসার জন্য ৯০ লাখ টাকার আর্থিক সহায়তা প্রদান করেছেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

১১। অনুমোদনহীন শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধে হাইকোর্টের রুল

শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনহীন শিক্ষাপ্রতিষ্ঠান (প্রাথমিক, মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা) কেন বন্ধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। আগামী চার সপ্তাহের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব, প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ও মাধ্যমিক শিক্ষা অধিদফতরের পরিচালকসহ সংশ্লিষ্টদের এ রুলের জবাব দিতে বলা হয়েছে। গতকাল (২৯ জানুয়ারি সোমবার) এ সংক্রান্ত এক রিটের শুনানি নিয়ে বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি আশরাফুল কামালের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮)।

১২। ইয়াবা পরিবহণ ও বিক্রয়ের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হাইকোর্টের নির্দেশ

ইয়াবাসহ সকল প্রকার অবৈধ মাদকদ্রব্য পরিবহণ, বিক্রয় ও সেবনের বিরুদ্ধে বিশেষ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। দেশের সকল জেলা প্রশাসক ও পুলিশ সুপারকে বিষয়টি অবহিত করতে স্বরাষ্ট্রসচিব ও পুলিশের আইজিকে বলা হয়েছে। বিচারপতি কাজী রেজাউল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ গতকাল (২৯ জানুয়ারি সোমবার) স্বতঃপ্রণোদিত হয়ে এ আদেশ দেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.২)।

১৩। মুদ্রানীতি ঘোষণা : বেসরকারি খাতে ঋণপ্রবৃদ্ধি কমানো হবে

মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে বেসরকারি খাতে ঋণপ্রবৃদ্ধি বর্তমানের চেয়ে কমানোর লক্ষ্য নিয়ে অর্থবছরের দ্বিতীয়ার্ধের (জানুয়ারি-জুন) মুদ্রানীতি ঘোষণা করেছে বাংলাদেশ ব্যাংক। তবে অর্থনৈতিক প্রবৃদ্ধি যাতে বাধাগ্রস্ত না হয় সে চিন্তা থেকে অনুৎপাদনশীল খাতেই ঋণপ্রবাহ কমানোর দিকে নজরদারি বাড়ানো হবে। এর পাশাপাশি ঋণ নিয়মাচারে আরও কঠোর হবে বাংলাদেশ ব্যাংক। এজন্য ব্যাংকগুলোর ঋণ-আমানত অনুপাত (এডিআর) কমানো হবে। গতকাল (২৯ জানুয়ারি সোমবার) এক সংবাদ সম্মেলনে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির নতুন মুদ্রানীতি ঘোষণা করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক** : চট্টগ্রামের হালদা নদীতে একের পর এক ডলফিন মারা যাওয়ায় অনতিবিলম্বে বিপন্ন ডলফিনদের সুরক্ষায় এখনই কার্যকর ব্যবস্থা গ্রহণ করে প্রকৃতির অমূল্য সম্পদ হালদাকে বাঁচানোর সুপারিশ।

খ. **প্রথম আলো, যুগান্তর, সমকাল, যায়যায়দিন, অবজারভার** : ইন্দোনেশীয় প্রেসিডেন্টের বাংলাদেশ সফরকালে পাঁচটি চুক্তি ও সমঝোতাস্মারক সই হওয়ায় তা ঢাকা-জাকার্তা সম্পর্কে নতুন মাত্রা যুক্ত করবে বলে অভিমত প্রকাশ করে রোহিঙ্গা সংকট সমাধানে জাকার্তার জোরালো ভূমিকা গ্রহণের প্রত্যাশা।

গ. **জনকণ্ঠ, প্রথম আলো** : নীরব ঘাতক শব্দদূষণ নিয়ন্ত্রণে এখনই কার্যকর ও টেকসই সরকারি পদক্ষেপ গ্রহণের পাশাপাশি জোরালো সামাজিক আন্দোলন গড়ে তোলার সুপারিশ।

ঘ. **যুগান্তর** : দশম জাতীয় সংসদের অধিকাংশ সুপারিশ বাস্তবায়িত না হওয়ায় উন্নয়নের ধারা অব্যাহত রেখে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে সংসদীয় স্থায়ী কমিটিগুলোকে কার্যকর ও শক্তিশালী করার আহ্বান।

ঙ. **সংবাদ, ডেইলি স্টার** : কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডারদের চাকরি জাতীয়করণের যৌক্তিক দাবি বিবেচনায় নেওয়ার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট** : জাতীয় খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে সহজশর্তে কৃষিঋণের ব্যবস্থা করাসহ কৃষিকাজে কৃষকরা যেসব সমস্যার মুখোমুখি হচ্ছে তা চিহ্নিত করে সমাধানের ব্যবস্থা করার সুপারিশ।

ছ. **ডেইলি সান** : মাতারবাড়ি কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের নির্মাণ কাজের উদ্বোধনকে স্বাগত জানিয়ে তা বিদ্যুৎ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের পথে সরকারের আরেকটি বড় পদক্ষেপ বলে অভিমত।

জ. **নিউজ টুডে** : সাভারের গার্মেন্টস ও ট্যানারির বর্জ্যে ধলেশ্বরী ও বংশী নদীর পানি ক্রমান্বয়ে দূষিত হয়ে পড়ায় পরিবেশ ও বন মন্ত্রণালয়, পানিসম্পদ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য সরকারি অধিদপ্তরকে জরুরিভিত্তিতে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **নিউ এজ** : ২০০৩ সালে এমভি নাসরিন-১ লঞ্চ দুর্ঘটনায় নিহত ও ক্ষতিগ্রস্ত পরিবারের ৩০৯ সদস্যকে হাইকোর্টের নির্দেশনা মোতাবেক ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা করার প্রত্যাশা।

ঝ. **নিউ নেশন** : পত্র-পত্রিকায় বিদেশে কর্মসংস্থানের ভুয়া বিজ্ঞাপন প্রকাশের বিষয় তুলে ধরে চাকুরিপ্রার্থীদের প্রতারণার হাত থেকে রক্ষার্থে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে বাংলা ভাষাকে শুদ্ধ ও সুন্দরভাবে জাতীয় জীবনের সব ক্ষেত্রে প্রতিষ্ঠা করতে পারলে অনেক রক্তের বিনিময়ে অর্জিত বাংলাদেশ জাতিরাষ্ট্র প্রতিষ্ঠা সার্থক হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত **'শিশু অধিকার নিশ্চিত করা জরুরি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিশুদের পরিপূর্ণ অধিকারের নিশ্চয়তা ও তা বাস্তবায়নের সুযোগ করে দিলে তারা দায়িত্বশীল সুনাগরিক হয়ে গড়ে উঠবে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৪৮/২০১৭-১৮

ঢাকা, মঙ্গলবার ৩০ জানুয়ারি ২০১৮, ১৭ মাঘ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মন্ত্রিসভায় ডিজিটাল নিরাপত্তা আইনের খসড়া চূড়ান্ত অনুমোদন

২। সপ্তদশ সংশোধনীর খসড়া মন্ত্রিসভায় অনুমোদন : সংরক্ষিত নারী আসনের মেয়াদ ২৫ বছর বৃদ্ধির প্রস্তাব

৩। রোহিঙ্গারা বাংলাদেশের ওপর আর্থসামাজিক চাপ সৃষ্টি করেছে : সুইডেনের রাষ্ট্রদূতকে প্রধানমন্ত্রী

৪। প্রধানমন্ত্রী সিলেট যাচ্ছেন আজ

৫। আগামী বাজেটের আকার হবে ৪ লাখ ৬৮ হাজার কোটি টাকা : অর্থমন্ত্রী

৬। সংবাদকর্মীদের জন্য নবম ওয়েজবোর্ড গঠন : আজ পিআইডিতে তথ্যমন্ত্রীর সংবাদ সম্মেলন

৭। জঙ্গি দমন শুধু অভিযানে নয়, জঙ্গিবাদবিরোধী প্রচারণাও চালাতে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। ক্রিকেট থেকে বিগত ৮ বছরে আয় ১২০৭ কোটি টাকা : সংসদে ক্রীড়া প্রতিমন্ত্রী

৯। জাপানে বাংলাদেশের টেকনিক্যাল ইন্টার্নদের প্রশিক্ষণের জন্য চুক্তি সাক্ষর

১০। ঐতিহাসিক আগরতলা ষড়যন্ত্র মামলার বৈরী সাক্ষী পরিবারকে প্রধানমন্ত্রীর সহায়তা

১১। অনুমোদনহীন শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধে হাইকোর্টের রুল

১২। ইয়াবা পরিবহণ ও বিক্রয়ের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হাইকোর্টের নির্দেশ

১৩। মুদ্রানীতি ঘোষণা : বেসরকারি খাতে ঋণপ্রবৃদ্ধি কমানো হবে

চলমান পাতা-২

১। মন্ত্রিসভায় ডিজিটাল নিরাপত্তা আইনের খসড়া চূড়ান্ত অনুমোদন

তথ্যপ্রযুক্তি আইনের ৫৭ ধারাসহ কয়েকটি ধারা বিলুপ্ত করে সেগুলোর বিস্তারিত বিন্যাস সংযোজনের মাধ্যমে ডিজিটাল নিরাপত্তা আইন প্রণয়নের প্রস্তাবে চূড়ান্ত অনুমোদন দিয়েছে সরকার। গতকাল (২৯ জানুয়ারি সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে আইনটির খসড়া অনুমোদন দেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এতে সভাপতিত্ব করেন। বৈঠকশেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম জানান, ডিজিটাল নিরাপত্তা আইনের খসড়ায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৪, ৫৫, ৫৬, ৫৭ ও ৬৬ ধারা বিলুপ্তির কথা বলা হয়েছে। মানহানিকর তথ্য পরিবেশনের জন্য খসড়া আইনে তিন বছরের কারাদণ্ড বা পাঁচ লাখ টাকা জরিমানা বা উভয় দণ্ডের বিধান রাখা হয়েছে। প্রস্তাবিত এ আইনে জামিনযোগ্য ও জামিন অযোগ্য বেশ কিছু ধারা রয়েছে। মন্ত্রিপরিষদ সচিব বলেন, খসড়ায় জাতির পিতা, মুক্তিযুদ্ধ ও মুক্তিযুদ্ধের চেতনার বিরুদ্ধে প্রপাগান্ডা, প্রচারণার মদদ দেওয়ার শাস্তি অনধিক ১৪ বছরের সশ্রম কারাদণ্ড বা অনধিক ৫০ লাখ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডের বিধান রাখার প্রস্তাব করা হয়েছে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ, প্রথম আলো, সমকাল, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। সপ্তদশ সংশোধনীর খসড়া মন্ত্রিসভায় অনুমোদন : সংরক্ষিত নারী আসনের মেয়াদ ২৫ বছর বৃদ্ধির প্রস্তাব

সংবিধানে সপ্তদশ সংশোধনী এনে সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য নির্বাচনের বিধি আরো ২৫ বছর বহাল রাখার প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকার। একাদশ সংসদের প্রথম অধিবেশন থেকে শুরু করে পরবর্তীতে ২৫ বছর পর্যন্ত সংরক্ষিত আসনের বিধি কার্যকর থাকবে। গতকাল (২৯ জানুয়ারি সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে সংবিধান (সপ্তদশ সংশোধন) আইন, ২০১৮-এর খসড়ায় চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪)।

৩। রোহিঙ্গারা বাংলাদেশের ওপর আর্থসামাজিক চাপ সৃষ্টি করেছে : সুইডেনের রাষ্ট্রদূতকে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিপুলসংখ্যক রোহিঙ্গার উপস্থিতি বাংলাদেশের ওপর ব্যাপক আর্থসামাজিক, পরিবেশগত এবং জনসংখ্যার ওপর চাপ সৃষ্টি করেছে। গতকাল (২৯ জানুয়ারি সোমবার) সুইডেনের নবনিযুক্ত রাষ্ট্রদূত শার্লট শ্যালেটার প্রধানমন্ত্রীর সংসদ ভবন কার্যালয়ে তাঁর সঙ্গে সাক্ষাতে এলে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ রোহিঙ্গাদের প্রত্যাবাসনের বিষয়ে মিয়ানমারের সঙ্গে আলোচনা করেছে। এ বিষয়ে পদক্ষেপও গ্রহণ করা হচ্ছে। তিনি বলেন, রোহিঙ্গাদের অস্থায়ী আশ্রয় দিতে সরকার একটি দ্বীপকে উন্নয়ন করছে। শার্লট শ্যালেটার রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশকে তাঁর দেশের পূর্ণ সমর্থনের বিষয়ে পুনরায় আশ্বাস দেন। এ সময় প্রধানমন্ত্রী রোহিঙ্গা ইস্যুতে সুইডেনের শক্তিশালী রাজনৈতিক ভূমিকার প্রশংসা করেন। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

৪। প্রধানমন্ত্রী সিলেটে যাচ্ছেন আজ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (৩০ জানুয়ারি মঙ্গলবার) সিলেটে সফরে যাচ্ছেন। সফরকালে প্রধানমন্ত্রী হজরত শাহজালাল (র.), হজরত শাহপরান (র.) ও হজরত গাজী বুরহান উদ্দিন (র.) এর মাজার জিয়ারত, ২০টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন, ১৮টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ছাড়াও আওয়ামী লীগ আয়োজিত জনসভায় ভাষণ দিবেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

৫। আগামী বাজেটের আকার হবে ৪ লাখ ৬৮ হাজার কোটি টাকা : অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, আগামী ২০১৮-১৯ অর্থবছরে বাজেটের আকার হবে ৪ লাখ ৬৮ হাজার কোটি টাকা। এবার সামাজিক নিরাপত্তাভোগীর সংখ্যা বাড়ানো হবে। গতকাল (২৯ জানুয়ারি সোমবার) আগামী অর্থবছরের বাজেট নিয়ে অর্থনীতিবিদ ও উন্নয়ন সহযোগী, ব্যবসায়ী নেতা এবং নাগরিক সমাজের প্রতিনিধিদের সঙ্গে প্রাক বাজেট আলোচনা শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫)।

৬। সংবাদকর্মীদের জন্য নবম ওয়েজবোর্ড গঠন : আজ পিআইডিতে তথ্যমন্ত্রীর সংবাদ সম্মেলন

সাংবাদিকদের বেতন কাঠামো নির্ধারণে নবম ওয়েজবোর্ড (মজুরি বোর্ড) গঠন করেছে সরকার। আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মো. নিজামুল হককে প্রধান করে গতকাল (২৯ জানুয়ারি সোমবার) তথ্য মন্ত্রণালয় ১৩ সদস্যের এ ওয়েজবোর্ড গঠন করে আদেশ জারি করেছে। এ উপলক্ষে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু

আজ তথ্য অধিদফতরে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখবেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

৭। জঙ্গি দমন শুধু অভিযানে নয়, জঙ্গিবাদবিরোধী প্রচারণাও চালাতে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, কেউ যেন নতুন করে জঙ্গিবাদে আকৃষ্ট না হয়, সেজন্য সব মাধ্যমেই জঙ্গিবাদবিরোধী প্রচার-প্রচারণা চালিয়ে যেতে হবে। জঙ্গিবাদ দমন শুধু অভিযানে নয়, জঙ্গিবাদের বিরুদ্ধে প্রচারণা চালাতে ও জঙ্গিবাদ থেকে তারুণ্যকে ফিরিয়ে আনতে বই, কবিতা, গান, সিনেমা, বিজ্ঞাপন ও গণমাধ্যমে প্রচার-প্রচারণা চালানো হবে। গতকাল (২৯ জানুয়ারি সোমবার) রাজধানীর কারওয়ান বাজারে র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের(র‌্যাব) মিডিয়া সেন্টারে জঙ্গিবাদ দমনে সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জঙ্গিবাদবিরোধী প্রচারণার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

৮। ক্রিকেট থেকে বিগত ৮ বছরে আয় ১২০৭ কোটি টাকা : সংসদে ক্রীড়া প্রতিমন্ত্রী

বিগত ৮ বছরে ১ হাজার ২০৭ কোটি ৩ লাখ টাকা আয় করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। এর মধ্যে ২০১৪-১৫ অর্থবছরে সর্বোচ্চ ২২৯ কোটি ৭৬ লাখ টাকা আয় হয়েছে বলে সংসদকে জানিয়েছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. বীরেন শিকদার। গতকাল (২৯ জানুয়ারি সোমবার) সংসদে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪)।

৯। জাপানে বাংলাদেশের টেকনিক্যাল ইন্টার্নদের প্রশিক্ষণের জন্য চুক্তি সাক্ষর

বাংলাদেশ থেকে জাপানে টেকনিক্যাল ইন্টার্ন প্রেরণের বিষয়ে দু'দেশের মধ্যে গতকাল (২৯ জানুয়ারি সোমবার) টোকিওতে একটি সহযোগিতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশের পক্ষে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার এবং জাপানের পক্ষে হেলথ, লেবার ও ওয়েলফেয়ার মন্ত্রণালয়ের পলিসি সমন্বয়বিষয়ক ভাইস মিনিস্টার জিনিচি মিয়ানো, বিচারবিষয়ক মন্ত্রণালয়ের প্রশাসনিক ভাইস মিনিস্টার হিরোমু কুরোকাওয়া এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলারবিষয়ক ব্যুরোর মহাপরিচালক কোইচি আইবোশি চুক্তিতে স্বাক্ষর করেছেন। চুক্তি অনুযায়ী এসব বাংলাদেশি ইন্টার্ন জাপানে ৩ থেকে ৫ বছর প্রশিক্ষণ গ্রহণের সুযোগ পাবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

১০। ঐতিহাসিক আগরতলা ষড়যন্ত্র মামলার বৈরী সাক্ষী পরিবারকে প্রধানমন্ত্রীর সহায়তা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঐতিহাসিক আগরতলা ষড়যন্ত্র মামলার বৈরী সাক্ষী প্রয়াত কামাল উদ্দিন আহমদের দুই অসুস্থ পুত্র ও এক কন্যার চিকিৎসার জন্য ৯০ লাখ টাকার আর্থিক সহায়তা প্রদান করেছেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

১১। অনুমোদনহীন শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধে হাইকোর্টের রুল

শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনহীন শিক্ষাপ্রতিষ্ঠান (প্রাথমিক, মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা) কেন বন্ধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। আগামী চার সপ্তাহের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব, প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ও মাধ্যমিক শিক্ষা অধিদফতরের পরিচালকসহ সংশ্লিষ্টদের এ রুলের জবাব দিতে বলা হয়েছে। গতকাল (২৯ জানুয়ারি সোমবার) এ সংক্রান্ত এক রিটের শুনানি নিয়ে বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি আশরাফুল কামালের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮)।

১২। ইয়াবা পরিবহণ ও বিক্রয়ের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হাইকোর্টের নির্দেশ

ইয়াবাসহ সকল প্রকার অবৈধ মাদকদ্রব্য পরিবহণ, বিক্রয় ও সেবনের বিরুদ্ধে বিশেষ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। দেশের সকল জেলা প্রশাসক ও পুলিশ সুপারকে বিষয়টি অবহিত করতে স্বরাষ্ট্রসচিব ও পুলিশের আইজিকে বলা হয়েছে। বিচারপতি কাজী রেজাউল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ গতকাল (২৯ জানুয়ারি সোমবার) স্বতঃপ্রণোদিত হয়ে এ আদেশ দেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.২)।

১৩। মুদ্রানীতি ঘোষণা : বেসরকারি খাতে ঋণপ্রবৃদ্ধি কমানো হবে

মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে বেসরকারি খাতে ঋণপ্রবৃদ্ধি বর্তমানের চেয়ে কমানোর লক্ষ্য নিয়ে অর্থবছরের দ্বিতীয়ার্ধের (জানুয়ারি-জুন) মুদ্রানীতি ঘোষণা করেছে বাংলাদেশ ব্যাংক। তবে অর্থনৈতিক প্রবৃদ্ধি যাতে বাধাগ্রস্ত না হয় সে চিন্তা থেকে অনুৎপাদনশীল খাতেই ঋণপ্রবাহ কমানোর দিকে নজরদারি বাড়ানো হবে। এর পাশাপাশি ঋণ নিয়মাচারে আরও কঠোর হবে বাংলাদেশ ব্যাংক। এজন্য ব্যাংকগুলোর ঋণ-আমানত অনুপাত (এডিআর) কমানো হবে। গতকাল (২৯ জানুয়ারি সোমবার) এক সংবাদ সম্মেলনে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির নতুন মুদ্রানীতি ঘোষণা করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক** : চট্টগ্রামের হালদা নদীতে একের পর এক ডলফিন মারা যাওয়ায় অনতিবিলম্বে বিপন্ন ডলফিনদের সুরক্ষায় এখনই কার্যকর ব্যবস্থা গ্রহণ করে প্রকৃতির অমূল্য সম্পদ হালদাকে বাঁচানোর সুপারিশ।

খ. **প্রথম আলো, যুগান্তর, সমকাল, যায়যায়দিন, অবজারভার** : ইন্দোনেশীয় প্রেসিডেন্টের বাংলাদেশ সফরকালে পাঁচটি চুক্তি ও সমঝোতাস্মারক সই হওয়ায় তা ঢাকা-জাকার্তা সম্পর্কে নতুন মাত্রা যুক্ত করবে বলে অভিমত প্রকাশ করে রোহিঙ্গা সংকট সমাধানে জাকার্তার জোরালো ভূমিকা গ্রহণের প্রত্যাশা।

গ. **জনকণ্ঠ, প্রথম আলো** : নীরব ঘাতক শব্দদূষণ নিয়ন্ত্রণে এখনই কার্যকর ও টেকসই সরকারি পদক্ষেপ গ্রহণের পাশাপাশি জোরালো সামাজিক আন্দোলন গড়ে তোলার সুপারিশ।

ঘ. **যুগান্তর** : দশম জাতীয় সংসদের অধিকাংশ সুপারিশ বাস্তবায়িত না হওয়ায় উন্নয়নের ধারা অব্যাহত রেখে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে সংসদীয় স্থায়ী কমিটিগুলোকে কার্যকর ও শক্তিশালী করার আহ্বান।

ঙ. **সংবাদ, ডেইলি স্টার** : কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডারদের চাকরি জাতীয়করণের যৌক্তিক দাবি বিবেচনায় নেওয়ার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট** : জাতীয় খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে সহজশর্তে কৃষিঋণের ব্যবস্থা করাসহ কৃষিকাজে কৃষকরা যেসব সমস্যার মুখোমুখি হচ্ছে তা চিহ্নিত করে সমাধানের ব্যবস্থা করার সুপারিশ।

ছ. **ডেইলি সান** : মাতারবাড়ি কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের নির্মাণ কাজের উদ্বোধনকে স্বাগত জানিয়ে তা বিদ্যুৎ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের পথে সরকারের আরেকটি বড় পদক্ষেপ বলে অভিমত।

জ. **নিউজ টুডে** : সাভারের গার্মেন্টস ও ট্যানারির বর্জ্যে ধলেশ্বরী ও বংশী নদীর পানি ক্রমান্বয়ে দূষিত হয়ে পড়ায় পরিবেশ ও বন মন্ত্রণালয়, পানিসম্পদ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য সরকারি অধিদপ্তরকে জরুরিভিত্তিতে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **নিউ এজ** : ২০০৩ সালে এমভি নাসরিন-১ লঞ্চ দুর্ঘটনায় নিহত ও ক্ষতিগ্রস্ত পরিবারের ৩০৯ সদস্যকে হাইকোর্টের নির্দেশনা মোতাবেক ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা করার প্রত্যাশা।

ঝ. **নিউ নেশন** : পত্র-পত্রিকায় বিদেশে কর্মসংস্থানের ভুয়া বিজ্ঞাপন প্রকাশের বিষয় তুলে ধরে চাকুরিপ্রার্থীদের প্রতারণার হাত থেকে রক্ষার্থে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে বাংলা ভাষাকে শুদ্ধ ও সুন্দরভাবে জাতীয় জীবনের সব ক্ষেত্রে প্রতিষ্ঠা করতে পারলে অনেক রক্তের বিনিময়ে অর্জিত বাংলাদেশ জাতিরাষ্ট্র প্রতিষ্ঠা সার্থক হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত **'শিশু অধিকার নিশ্চিত করা জরুরি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিশুদের পরিপূর্ণ অধিকারের নিশ্চয়তা ও তা বাস্তবায়নের সুযোগ করে দিলে তারা দায়িত্বশীল সুনাগরিক হয়ে গড়ে উঠবে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা